# গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট




# আনুষ্ঠানিক পরামর্শের জন্য প্রস্তাবনা

19 মে 2026 – 11 আগস্ট 2026

**পরামর্শ পুস্তিকা**

LFB
LONDON FIRE BRIGADE

# বিষয়বস্তু

**ভূমিকা – জোনাথন স্মিথ, লন্ডন ফায়ার কমিশনার** **1**

**এই পরামর্শ নথি সম্পর্কে** **2**

**পটভূমি** **3**

গ্রেনফেল মেমোরি প্রোজেক্টটি কাদের জন্য? 4

গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের আসল প্রস্তাবনা 5

গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট তৈরির জন্য আমাদের নতুন দৃষ্টিভঙ্গি 5

আমরা কীভাবে গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট তৈরি করছি 6

**পরামর্শের জন্য প্রস্তাবনা** (**প্রাথমিক মতামতের পরিপ্রেক্ষিতে**) **7**

পরামর্শের প্রস্তাবনা 8

প্রাক-পরামর্শ নিয়োজনের মতামত কীভাবে আমাদের পরামর্শ প্রস্তাবনাগুলোকে রূপ দিয়েছে 10

প্রস্তাবিত প্রোজেক্টগুলি কীভাবে প্রদান করা হবে 12

**চূড়ান্ত প্রস্তাবনার রূপরেখা ও পরবর্তী পদক্ষেপগুলি** **15**

**বিবেচ্য বিষয়গুলি** **16**

**আপনার মতামত দিন** **17**

# ভূমিকা

গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট সংক্রান্ত এই জনপরামর্শে অংশগ্রহণ করতে সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। আপনার অংশগ্রহণের আগ্রহ অত্যন্ত প্রশংসনীয়।

এই নথিতে গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের জন্য আমাদের প্রস্তাবনাগুলো তুলে ধরা হয়েছে, যা বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) আবেদনকারীদের সাথে যৌথভাবে পরিকল্পনা করা হয়েছে, যাদের মধ্যে নিহতদের পরিবারের সদস্য, বেঁচে ফেরা ব্যক্তিরা এবং বাসিন্দারা অন্তর্ভুক্ত আছেন। গত বছর প্রাক-পরামর্শ পর্বে যাঁরা তাঁদের অভিজ্ঞতা, ধারণা ও প্রত্যাশা শেয়ার নিয়েছিলেন, তাঁদের কথা শোনা এক গভীর সৌভাগ্যের বিষয় ছিল। তাদের অবদান প্রাক-পরামর্শ নিয়োজন রিপোর্টে উল্লিখিত সুপারিশগুলোকে সরাসরি রূপ দিয়েছে এবং আমি অংশগ্রহণকারী প্রত্যেককে তাদের উন্মুক্ত মনোভাব, উদারতা ও বিশ্বাসের জন্য ব্যক্তিগতভাবে ধন্যবাদ জানাতে চাই।

2017 সালের 14ই জুন ঘটা গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ড ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে যুক্তরাজ্যে সংঘটিত সবচেয়ে উল্লেখযোগ্য অগ্নিকাণ্ড। প্রিয়জন হারানো পরিবার ও বন্ধুবান্ধব, বেঁচে ফেরা ব্যক্তিরা, বাসিন্দারা এবং বৃহত্তর নর্থ কেনসিংটন কমিউনিটির উপর এর প্রভাব এখনও অনুভূত হচ্ছে এবং এটি আমাদের জাতীয় চেতনায় গভীরভাবে প্রোথিত হয়ে আছে। এটি লন্ডন ফায়ার ব্রিগেডের (LFB) অভ্যন্তরেও উল্লেখযোগ্য পরিবর্তনের অনুঘটক হিসেবে কাজ করেছে, যা আমাদের গভীরভাবে আত্মবিশ্লেষণ করতে, আমাদের কার্যক্রমে সংস্কার আনতে এবং গ্রেনফেল কমিউনিটির সঙ্গে আস্থা পুনর্নির্মাণে কাজ করতে উদ্‌বুদ্ধ করেছে।

গ্রেনফেল মেমোরি প্রোজেক্টটি 2023 সালে ADR দাবিদার এবং LFB সহ বেশ কয়েকটি বিবাদী সংস্থার মধ্যে সম্পাদিত একটি দেওয়ানি নিষ্পত্তি চুক্তি থেকে উদ্‌ভূত হয়েছে। এটি একটি বৃহত্তর পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার যাত্রার অংশ। যদিও আমরা জানি যে, এখনও অনেক পথ বাকি, এই প্রোজেক্টের লক্ষ্য হলো:

- গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত কমিউনিটি এবং LFB-র মধ্যে সম্পর্ক মেরামতে সহায়তা করা
- যারা হারিয়ে গেছেন তাদের জীবনকে সম্মান জানানো।
- গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ডকে স্মরণীয় করে রাখতে একটি অর্থবহ ও দীর্ঘস্থায়ী ঐতিহ্য তৈরি করা।

এই পরামর্শ সভায় গ্রেনফেলের পরিবারগুলি, বন্ধুবান্ধব এবং কমিউনিটির সদস্যদেরকে গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের জন্য আমাদের প্রস্তাবনাগুলোর বিষয়ে মতামত জানানোর জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। অংশগ্রহণের বিভিন্ন উপায় রয়েছে, যা এই নথির পরবর্তী অংশে উল্লেখ করা হয়েছে। আপনার মতামত গুরুত্বপূর্ণ, এবং আমরা কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে, আপনি আমাদের যা কিছু বলবেন তা মনোযোগ সহকারে ও নিবিড়ভাবে শুনতে প্রতিশ্রুতিবদ্ধ। আপনার সময় ও মতামতের জন্য আমরা কৃতজ্ঞ এবং আপনার উত্তরের অপেক্ষায় রইলাম।

**জোনাথন স্মিথ**
লন্ডন ফায়ার কমিশনার



**পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার হলো...**

"গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ড এবং এর ফলে যারা নিহত বা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাদের স্মরণে সংশ্লিষ্ট পক্ষগুলি কর্তৃক গ্রহণীয় পদক্ষেপগুলি বিবেচনা, আলোচনা এবং বাস্তবায়ন।"

দেওয়ানি নিষ্পত্তি চুক্তি, 2023

# এই পরামর্শ নথি সম্পর্কে

এই পুস্তিকাটিতে গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের জন্য আমাদের পরামর্শমূলক প্রস্তাবনাগুলোর একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হয়েছে। আমাদের নির্দিষ্ট ওয়েবপেজে অতিরিক্ত সহায়ক উপকরণও পাওয়া যায়, যার মধ্যে রয়েছে, স্বাধীন প্রাক-পরামর্শ নিয়োজন প্রতিবেদন, সমতা প্রভাব মূল্যায়ন, পরামর্শ সম্পৃক্ততা এবং যোগাযোগ পরিকল্পনা, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs), এবং অনুবাদ করা ও ইজি রীড বা সহজপাঠ্য উপকরণগুলি।

এই উপকরণগুলি আপনাকে অবগত হয়ে সিদ্ধান্ত নেওয়া এবং অর্থপূর্ণ প্রতিক্রিয়া প্রদানে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে।

এই পুস্তিকার সাথে সংযোজিত রয়েছে গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট **পরামর্শ প্রক্রিয়ার প্রশ্নমালা**. অনুগ্রহ করে, এটি পূরণ করে নিম্নলিখিত ঠিকানায় বিনামূল্যে আমাদের কাছে ফেরত পাঠান:

**Grenfell Memory Project**
**London Fire Brigade**
**169 Union Street, London SE1 0LL**

অনুরোধ সাপেক্ষে ফ্রিপোস্ট (FREEPOST) খাম পাওয়া যায়।

এই পুস্তিকাটি আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়, সাথে স্থানীয় ভাষাগুলিতে অনুবাদ এবং ইজি রীড সংস্করণের মতো বিকল্প ফরম্যাটও রয়েছে। আপনার যদি এই তথ্য অন্য কোনো ফরম্যাটে প্রয়োজন হয়, তবে আমরা আপনার অনুরোধ পূরণের যথাসাধ্য চেষ্টা করব।

আপনি আপনার নির্দিষ্ট ইনবক্সে ইমেইল করে এটির জন্য অনুরোধ করতে পারেন: **grenfell.engagement@london-fire.gov.uk** বা এই নম্বরে আমাদের একটি টেক্সট মেসেজ পাঠান **07385 382 580** জানান যে, আপনার প্রয়োজনগুলি কী।



**উইলি থম্পসন** গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের বেঁচে ফেরা ব্যক্তি এবং LFB স্বাধীন পরামর্শদাতা প্যানেলের সদস্য।

# পটভূমি

**লন্ডন ফায়ার ব্রিগেডের (LFB) দীর্ঘদিনের একটি অঙ্গীকার রয়েছে যা হল যাদের জীবন গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডে প্রভাবিত হয়েছে, তাদের কথা শোনা এবং তাদের সাথে সম্পৃক্ত হওয়া। এর মধ্যে রয়েছেন নিহতদের পরিবারের লোকেরা, বেঁচে ফেরা ব্যক্তিরা, বাসিন্দারা এবং গ্রেনফেলের বৃহত্তর কমিউনিটি।**

**গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট হলো এই চলমান কাজেরই একটি অংশ এবং এটি 2023 সালের মার্চ মাসে বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR)-এর দাবিদারদের সাথে সম্পাদিত হওয়া দেওয়ানি নিষ্পত্তি চুক্তি-র আওতায় LFB কর্তৃক গৃহীত পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার সংক্রান্ত অঙ্গীকারগুলির অন্তর্ভুক্ত।**

এই চুক্তির অংশ হিসেবে লন্ডন ফায়ার কমিশনার (LFC) একটি গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট তৈরির জন্য **£8.25 মিলিয়ন** প্রদানের প্রতিশ্রুতি দিয়েছেন। এই প্রোজেক্টের উদ্দেশ্য হলো গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ডে নিহত 72 জনের জীবনকে সম্মান জানিয়ে একটি অর্থবহ ও দীর্ঘস্থায়ী ঐতিহ্য গড়ে তোলা এবং একই সাথে কমিউনিটির সম্মিলিত শোক কাটিয়ে ওঠা ও পুনরুদ্ধারে সহায়তা করা।

প্রোজেক্টটি অবশ্যই কীভাবে গড়ে তুলতে হবে, সে বিষয়েও চুক্তিতে সুস্পষ্ট নীতিমালা নির্ধারণ করা হয়েছে। LFC দায়বদ্ধ যে, চূড়ান্ত প্রস্তাবনাগুলো নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করবে:

- ADR দাবিদারদের স্বার্থ রক্ষা ও উন্নয়ন করা, এবং
- নর্থ কেনসিংটন এবং গ্রেনফেল কমিউনিটির সাথে পূর্ণাঙ্গ ও অর্থপূর্ণ গণ আলোচনার মাধ্যমে এটি গঠন করা হবে।

LFB, প্রস্তাবিত গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের বিস্তারিত বিষয়ে গ্রেনফেল কমিউনিটির সাথে পরামর্শ করতে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।

LFB-র নিজস্ব মূল্যবোধের পাশাপাশি, গ্রেনফেল মেমোরি প্রোজেক্টটি পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার (RJ)-এর মূল নীতিমালা দ্বারা পরিচালিত হয় যা হল:

- মানব মর্যাদার প্রতি সম্মান;
- সংলাপের মাধ্যমে সত্য;
- সংহতি ও দায়িত্ব; এবং
- ন্যায়বিচার ও জবাবদিহিতা।

এই নীতিমালাগুলোই প্রোজেক্টটি তৈরির দিকনির্দেশনা দেয়।



**এমা ও'কোনর** গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডে বেঁচে ফেরা ব্যক্তি, এলএফবি (LFB) কমিউনিটি ফোরামের প্রাক্তন সদস্য এবং মুখ্য অগ্নি নির্বাপক কর্মী চার্লস বার্টন, গ্রিন ওয়াচ, নর্থ কেনসিংটন ফায়ার স্টেশন।

# পটভূমি

## গ্রেনফেল মেমোরি প্রোজেক্টটি কাদের জন্য?

গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ড কেবল নিহত 72 জনের পরিবারের লোকেদের উপরেই নয়, এছাড়াও বেঁচে ফেরা ব্যক্তি, প্রতিবেশী এবং বৃহত্তর নর্থ কেনসিংটন কমিউনিটির উপরও এক বিহ্বলকারী ও দীর্ঘস্থায়ী প্রভাব ফেলেছিল। এর প্রভাব আজও অনুভূত হচ্ছে, এমনকি যারা পরবর্তীকালে এই এলাকায় এসেছেন বা এলাকা ছেড়ে চলে গেছেন, তারাও এর অন্তর্ভুক্ত।

যখন আমরা 'নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটি' সম্পর্কে কথা বলি – এবং গ্রেনফেল মেমোরি প্রোজেক্টটি কাদের উপকারের জন্য তৈরি করা হয়েছে সে সম্পর্কে বলি – তখন আমরা নিম্নলিখিত গোষ্ঠীগুলোকে বোঝাই:

- নিহত ব্যক্তিদের পরিবারের লোকেরা, যার মধ্যে রয়েছেন স্বামী বা স্ত্রী অথবা জীবনসঙ্গী, বাবা-মা, সন্তান, ভাই-বোন, দাদা-দাদি/নানা-নানি, নাতি-নাতনি এবং পরিবার কর্তৃক মনোনীত একজন আত্মীয়।
- গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ড থেকে বেঁচে ফেরা ব্যক্তিরা এবং টাওয়ারের 500 মিটারের মধ্যে বসবাসকারী লোকজন।
- নিহত 72 জনের অন্যান্য নিকটাত্মীয়রা।
- গ্রেনফেল টাওয়ারের প্রাক্তন বাসিন্দারা, যারা অগ্নিকাণ্ডের সময় ভবনটিতে থাকতেন কিন্তু পরে অন্যত্র চলে গেছেন।
- প্রোজেক্টটি বাস্তবায়িত হওয়ার সময়ে নর্থ কেনসিংটনের যেসব বাসিন্দা নিম্নলিখিত ওয়ার্ডগুলোতে বসবাস করছেন: গোলবোর্ন, কোলভিল, নটিং ডেল, সেন্ট হেলেনস এবং ডালগার্নো।
- ADR দাবিদাররা, যারা উপরে তালিকাভুক্ত এক বা একাধিক গোষ্ঠীর অন্তর্ভুক্ত হতে পারেন।

এই প্রোজেক্টের উদ্দেশ্য হলো সেইসব ব্যক্তিদের স্বীকৃতি, সহায়তা ও সম্মান জানানো, যাঁদের জীবন এই মর্মান্তিক ঘটনার কারণে বদলে গেছে – তা ব্যক্তিগত ক্ষতি, বেঁচে ফেরা বা স্থানান্তরিত হতে হওয়া অথবা গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের সাথে তাদের দীর্ঘমেয়াদী সংযোগ যাই হোক না কেন।



**ইন্টলাক আলসাইঘ** (একদম ডানদিকে নীল পোষাকে) আল মানার – মুসলিম সাংস্কৃতিক ঐতিহ্য কেন্দ্রের প্রবীণ কল্যাণ সংক্রান্ত প্রোজেক্ট ম্যানেজার, কমিউনিটির স্থানীয় নারীদের সাথে।

# পটভূমি

## আসল গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট প্রস্তাবনাগুলি

কয়েকজন ADR দাবিদার তাদের আইনজীবীদের মাধ্যমে গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের যে প্রাথমিক রূপরেখা উপস্থাপন করেছিলেন, তাতে তিনটি আন্তঃসংযুক্ত প্রোজেক্ট অন্তর্ভুক্ত ছিল:

- **একটি স্মারক আর্কাইভ** – একটি ডিজিটাল আর্কাইভ যা গ্রেনফেল সম্পর্কিত নথি, সাক্ষ্য এবং অন্যান্য উপকরণ সংরক্ষণ করে, যার মধ্যে ঘটনাস্থল সংক্রান্ত ও ব্যক্তিগত সাক্ষ্যও অন্তর্ভুক্ত রয়েছে।
- **একটি স্মারক প্রদর্শনী** – গ্রেনফেল সম্পর্কিত গল্প, অভিজ্ঞতা ও শিক্ষা শেয়ার করার একটি জায়গা।
- **একটি শিক্ষামূলক প্রচার প্রকল্প** – আর্কাইভ ও প্রদর্শনীর সাথে সম্পর্কিত একটি পাঁচ বছরব্যাপী কর্মসূচি, যার মধ্যে প্রচারমূলক বৃত্তিও অন্তর্ভুক্ত রয়েছে। এর লক্ষ্য ছিল এটি নিশ্চিত করা যে, গ্রেনফেলের শিক্ষা এবং ক্ষতিগ্রস্তদের অভিজ্ঞতা যেন সংশ্লিষ্ট পেশা ও শিল্পখাত জুড়ে প্রশিক্ষণ ও চলমান শিক্ষার অবিচ্ছেদ্য অংশ হয়ে ওঠে।

> “নতুন কর্মসূচিতে অর্থায়ন করার আগে, কী বাদ যাচ্ছে এবং নিম্ন-সংস্থানকৃত রয়েছে তা নির্ধারণের জন্য বিদ্যমান পরিষেবাগুলোর একটি তালিকা তৈরি করা এবং কমবয়সী ব্যক্তি ও স্থানীয় সংস্থাগুলোর সাথে সরাসরি কথা বলে প্রয়োজনীয়তাগুলো সম্পর্কে জানা জরুরি।”
>
> **বেঁচে ফেরা ব্যক্তিরা এবং নিহতদের ঘনিষ্ঠ পরিবারের সদস্যরা**

## গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট তৈরির জন্য আমাদের নতুন দৃষ্টিভঙ্গি

দেওয়ানি নিষ্পত্তি হওয়ার পর থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছে – যার মধ্যে রয়েছে গ্রেনফেল সাক্ষ্য সপ্তাহ, রয়্যাল বরো অফ কেনসিংটন অ্যান্ড চেলসি (RBKC) কাউন্সিলের পুনরুদ্ধারমূলক ন্যায়বিচার উদ্যোগ বিষয়ক পরামর্শ সভা, এবং গ্রেনফেল টাওয়ার তদন্তের 2য় পর্বের সমাপ্তি। সম্মিলিতভাবে, এই ঘটনাগুলো LFB-কে কিছুটা সময় নিয়ে ভেবে দেখতে উৎসাহিত করেছিল যে, দেওয়ানি নিষ্পত্তির মূল প্রস্তাবনাগুলো বিকল্প ADR দাবিদার এবং বৃহত্তর গ্রেনফেল কমিউনিটির চাহিদা, অগ্রাধিকার ও প্রত্যাশাকে সর্বোত্তমভাবে পূরণ করেছিল কিনা।

একই সময়ে, অন্যান্য সম্পর্কিত কাজও অব্যাহত রয়েছে, যেমন RKBC-র সামাজিক ন্যায়বিচার আর্কাইভ (গ্রেনফেল আর্কাইভ সহ) তৈরির পরিকল্পনা এবং গ্রেনফেল টাওয়ার সাইটের ভবিষ্যৎ নিয়ে গ্রেনফেল টাওয়ার মেমোরিয়াল কমিশনের পরামর্শ প্রক্রিয়া। এই সমান্তরাল প্রক্রিয়াগুলো আমাদের চিন্তাধারার দিকনির্দেশ করতে সাহায্য করেছে এবং স্বচ্ছতা, সমন্বয় এবং পুনরাবৃত্তি এড়াতে তহবিলের সর্বোচ্চ ব্যবহারের প্রয়োজনীয়তা তুলে ধরেছে।



**নিক বার্টন** গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ড থেকে বেঁচে ফেরা ব্যক্তি, শোকসন্তপ্ত স্বামী এবং এলএফবি কমিউনিটি ফোরামের প্রাক্তন সদস্য।

# পটভূমি

2024 সালের জানুয়ারিতে অনুষ্ঠিত গ্রেনফেল সাক্ষ্য সপ্তাহটি বিশেষভাবে তাৎপর্যপূর্ণ ছিল। চার দিন ধরে, নিহত ব্যক্তিদের 47 জন পরিবারের ঘনিষ্ঠ সদস্য, বেঁচে ফেরা ব্যক্তি এবং বাসিন্দাদের মৌখিক উপস্থাপনা, রেকর্ডিং, লিখিত বিবৃতি এবং শিল্পকর্মের মাধ্যমে মর্মস্পর্শী ও অত্যন্ত ব্যক্তিগত বিবরণ তুলে ধরেছেন।

অনেকেই সেই সংস্থাগুলির কথা উল্লেখ করেছেন, যাদেরকে তারা এই মর্মান্তিক ঘটনার জন্য দায়ী বলে মনে করেন। তাদের কথাগুলো ছিল অকপট, আবেগপূর্ণ ও সরাসরি – এবং তা একটি সুস্পষ্ট বার্তাকেই জোর দিয়েছিল: যে কোনো উত্তরাধিকার বা স্মৃতিসৌধের রূপ অবশ্যই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের মতামত দ্বারা নির্ধারিত হতে হবে। এখানে আরো তথ্য পাওয়া যাবে: **www.testimonyweek.co.uk**

## আমরা কীভাবে গ্রেনফেল মেমোরি প্রোজেক্টটি তৈরি করছি

গ্রেনফেল মেমোরি প্রোজেক্টটি যেন সুচিন্তিত ও স্বচ্ছভাবে গড়ে ওঠে, তা নিশ্চিত করতে LFB এটিকে তিনটি পর্যায়ে বাস্তবায়িত করছে:

**পর্যায় 1 প্রাক-পরামর্শ সম্পৃক্ততা**

**পর্যায় 2 আনুষ্ঠানিক পরামর্শ প্রক্রিয়া**

**পর্যায় 3 সিদ্ধান্ত গ্রহণ**

এই পর্যায়ক্রমিক পদ্ধতির উদ্দেশ্য হলো, গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট যাদের জন্য তৈরি করা হয়েছে, তাদের সাথে প্রকৃত আলোচনার মাধ্যমে প্রোজেক্টটি যেন বাস্তবায়িত হয় তা নিশ্চিত করা।



# পরামর্শের জন্য প্রস্তাবনা (প্রাথমিক প্রতিক্রিয়ার জবাবে)

2025 সালের ফেব্রুয়ারি থেকে জুন মাসের মধ্যে LFB একটি প্রাক-পরামর্শ সম্পৃক্ততার পর্ব পরিচালনা করেছিল। এই সময়ে, আমরা - নিহত ব্যক্তির পরিবারের ঘনিষ্ঠ সদস্য, বেঁচে ফেরা ব্যক্তি এবং স্থানীয় বাসিন্দারা - সহ ADR দাবিদারদের কথা শোনার ওপর মনোযোগ দিয়েছিলাম এবং আমাদের শোনা কথাগুলো লিপিবদ্ধ করার জন্য একটি স্বাধীন রিপোর্ট তৈরির দায়িত্ব দিয়েছিলাম। এই রিপোর্টটি আমাদের এই ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে **https://www.london-fire.gov.uk/media/kx0c4fix/summary_grenfell-memory-project-report-final-v05_bengali.pdf**

রিপোর্টটিতে গ্রেনফেল মেমোরি প্রোজেক্টে কী কী অন্তর্ভুক্ত করা উচিত এবং সেগুলি কীভাবে বাস্তবায়ন করা উচিত, সে বিষয়ে বেশ কিছু সুপারিশ তুলে ধরা হয়েছে। LFB এই সুপারিশগুলোকে গুরুত্ব সহকারে বিবেচনা করতে প্রতিশ্রুতিবদ্ধ – তারা প্রতিটি সুপারিশ সতর্কতার সাথে খতিয়ে দেখবে এবং কীভাবে সেগুলোকে ব্যবহারিক, বাস্তবসম্মত পরিকল্পনায় পরিণত করা যায়, তা অন্বেষণ করবে।

এটি করার জন্য আমরা পুনরাবৃত্তিমূলক ও মননশীল পদ্ধতিতে কাজ করেছি। এর মানে হলো, ধারণাগুলো ক্রমান্বয়ে, ধাপে ধাপে তৈরি হয়েছিল এবং প্রতিটি পর্যায় তার পূর্ববর্তী পর্যায় থেকে অর্জিত শিক্ষার দ্বারা রূপ পেয়েছিল। প্রস্তাবনাগুলো গঠিত হওয়ার সাথে সাথে, সেগুলো সাশ্রয়ী, আইনসম্মত এবং বাস্তবায়ন করা সত্যিই সম্ভব কিনা তা নিশ্চিত করার জন্য আমরা সেগুলোর বিস্তারিত পর্যালোচনা অব্যাহত রেখেছিলাম। এই প্রক্রিয়াটি ঠিক সেই মুহূর্ত পর্যন্ত অব্যাহত ছিল, যখন আমরা আনুষ্ঠানিক পরামর্শমূলক নথি এবং প্রশাসনিক কাগজপত্র প্রস্তুত করেছিলাম।

“এটা মনে রাখা অত্যন্ত জরুরি যে, £8.25 মিলিয়ন সংক্রান্ত আলোচনা 72টি প্রাণহানির মর্মান্তিক বাস্তবতার উপর ভিত্তি করেই হচ্ছে।”

**নিহতদের নিকটাত্মীয়দের পক্ষ থেকে যৌথ চিঠি**



# পরামর্শের জন্য প্রস্তাবনা (প্রাথমিক প্রতিক্রিয়ার জবাবে)

## পরামর্শ প্রস্তাবনাগুলি

প্রস্তাবনাগুলিতে **প্রাক-পরামর্শ সম্পৃক্ততা থেকে উঠে আসা** পাঁচটি মুখ্য উদ্যোগের উপর মনোনিবেশ করা হয়েছে:

### 1 পাঁচ বছর মেয়াদী গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট অনুদান কর্মসূচি, যা তিনটি পৃথক ধারাকে অন্তর্ভুক্ত করে

**A. ব্যক্তিগত স্মৃতি সংক্রান্ত অনুদান**

নিহত ব্যক্তির ঘনিষ্ঠ পরিবারের সদস্যের জন্য।

**5 বছরে £3 মিলিয়ন**

**B. গ্রেনফেলের দ্বারা প্রভাবিত তরুণ-তরুণীদের জন্য অনুদান**

যুবারা আবেদন করার যোগ্য হতে পারেন, যদি তাঁরা নিচের শর্তগুলোর যেকোনো একটি পূরণ করেন:

**a)** গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের সময় যাদের বয়স ছিল 16–25 বছর এবং অগ্নিকাণ্ডের তারিখে যারা নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির অংশ ছিলেন;

অথবা

**b)** প্রকল্পটি বাস্তবায়নের সময় 30 বছর বা তার কম বয়সী, অতিরিক্ত চাহিদা* সম্পন্ন এবং নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির বাসিন্দা তরুণ-তরুণী।

**5 বছরে £1 মিলিয়ন**

**C. কমিউনিটির স্থিতিস্থাপকতা অনুদান**

গ্রেনফেলের ঘটনায় অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত গোষ্ঠী এবং গ্রেনফেল বার্ষিকী উপলক্ষে তৃণমূল পর্যায়ের কার্যক্রমের জন্য অর্থায়ন।

**5 বছরে £1 মিলিয়ন**


### 2 একটি পাঁচ-বছরের আবাসিক ও দিবাকালীন কার্যকলাপের কর্মসূচি

প্রোজেক্ট বাস্তবায়নের সময় 11–15 বছর বয়সী এবং নর্থ কেনসিংটনে বসবাসকারী এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির অংশ এমন তরুণ-তরুণীদের ব্যক্তিগত বিকাশ, আত্মবিশ্বাস এবং জীবন দক্ষতা অর্জনে সহায়তা করা।

**5 বছরে £1.5 মিলিয়ন**

*__অতিরিক্ত চাহিদা__ বলতে বোঝায় প্রতিবন্ধকতা নিয়ে বসবাস করা, সামাজিক বা ব্যক্তিগত চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া, অথবা সমস্যার মধ্য দিয়ে যাওয়া।

> “প্রতিটি ঘনিষ্ঠ পরিবারই... নিজেরাই নির্ধারণ করতে পারে যে তারা কী করতে চায়... আমাদের প্রান্তিক করে তোলে এমন সব গোষ্ঠী ও উদ্যোগের মাধ্যমে ক্রমাগত প্রভাবিত বা নিয়ন্ত্রিত হওয়ার পরিবর্তে আমাদের নিজস্ব বাস্তবতাগুলোকে নিজেদের মতো করে সাজিয়ে নেওয়ার এবং সেগুলোকে স্মরণীয় করে রাখার স্বাধীনতা।”
>
> **নিহত ব্যক্তির ঘনিষ্ঠ পরিবারের সদস্য**




কমিউনিটির তৈরি করা **‘ওয়াল অফ ট্রুথ’**, বা ‘সত্যের দেয়াল’, যা ওয়েস্টওয়ে ফ্লাইওভারের নিচে অবস্থিত।

# পরামর্শের জন্য প্রস্তাবনা (প্রাথমিক প্রতিক্রিয়ার জবাবে)

**3** **নর্থ কেনসিংটন ও গ্রেনফেল এলাকার যেসব মানুষ অগ্নিনিরাপত্তা বিষয়ক পেশায় আগ্রহী, তাঁদের সহায়তা প্রদানের লক্ষ্যে একটি পাঁচ বছরব্যাপী প্রচার কর্মসূচি। এটি হবে সচেতনতা ও সুযোগ প্রসারের একটি বার্ষিক কর্মসূচি, যেখানে নির্দিষ্ট লক্ষ্যভিত্তিক কর্মশালার আয়োজন করা হবে এবং প্রাসঙ্গিক অগ্নি নিরাপত্তা যোগ্যতার জন্য অর্থায়ন করা হবে।**

এই প্রচারমূলক কার্যক্রমগুলোর লক্ষ্য হলো অগ্নি সুরক্ষায় কর্মজীবনের সুযোগ বৃদ্ধি এবং তা অর্জনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং তথ্য, নির্দেশনা ও সহায়তা প্রদান করা। প্রতি বছর 12 জন ব্যক্তি LFB-র অভিজ্ঞ সুরক্ষা বিশেষজ্ঞদের দ্বারা পরিচালিত ধারাবাহিক কর্মশালায় (ছয়টি) অংশগ্রহণ করতে পারবেন।

কর্মশালার সেশনগুলো বাইরে থেকে আসা প্রশিক্ষণ প্রদানকারীদের দ্বারা পরিচালিত লেভেল 3 ফায়ার সেফটি সার্টিফিকেটের জন্য আবেদন করতে ব্যবহারিক পরামর্শ, কর্মজীবনের অন্তর্দৃষ্টি এবং সহায়তা প্রদান করবে। এই সেশনগুলো LFB এবং অন্যান্য সংস্থাতে এন্ট্রি লেভেলের অগ্নি নিরাপত্তা পদে আবেদনের জন্য সহায়তা ও পরামর্শও প্রদান করবে।

এই সহায়তার খরচ এবং লেভেল 3 ফায়ার সেফটি সার্টিফিকেট যোগ্যতার ব্যয় গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট থেকে সম্পূর্ণরূপে অর্থায়ন করা হবে।

আশা করা যায় যে, এই কর্মসূচিটি গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের মর্মান্তিক ঘটনায় ক্ষতিগ্রস্ত নর্থ কেনসিংটন ও গ্রেনফেল কমিউনিটির সদস্যদের অগ্নি নিরাপত্তা কোর্সে অংশগ্রহণ এবং LFB ও অন্যান্য সংস্থায় অগ্নি নিরাপত্তা বিষয়ক কর্মজীবনে আবেদন করার সক্ষমতা বৃদ্ধি করবে।
**5 বছরে £300,000**

**4** **ভবিষ্যতে মর্মান্তিক ঘটনা হ্রাস করা**
নির্মিত পরিবেশে সাংস্কৃতিক পরিবর্তনকে প্রভাবিত করার অংশ হিসেবে শিক্ষামূলক/অব্যাহত পেশাগত উন্নয়ন (CPD) উপকরণের উন্নয়ন (যার মধ্যে গ্রেনফেল মামলার ঘটনা অধ্যয়ন অন্তর্ভুক্ত থাকবে)।
**£300,000**

**5** **সম্ভাব্যতা সমীক্ষা (কোনো প্রতিশ্রুতি ছাড়া)**
গ্রেনফেল ক্যাচমেন্ট এলাকার মধ্যে যুব-কেন্দ্রিক একটি কমিউনিটি হাবের সম্ভাব্যতা ও স্থায়িত্ব মূল্যায়ন করা।
**£60,000**

> “গ্রেনফেলের ঘটনার পর থেকে এই এলাকায় সহিংসতা চরমে উঠেছে, সেই সাথে তরুণ প্রজন্মের মানসিক স্বাস্থ্যেরও অবনতি ঘটেছে। কর্মসংস্থানের যোগ্যতাও কমে গেছে।”
>
> **স্থানীয় তরুণ-তরুণীদের সাথে কর্মরত বাসিন্দারা**

সম্মিলিতভাবে, এই প্রস্তাবনাগুলোর লক্ষ্য হলো নিহত 72 জনের জীবনকে সম্মান জানানো, গ্রেনফেলে পাওয়া শিক্ষাগুলি বাঁচিয়ে রাখতে সাহায্য করা এবং এখনও ক্ষতিগ্রস্তদের সহায়তা করা; একইসাথে এগুলো বিদ্যমান সামাজিক উদ্যোগগুলোর - পুনরাবৃত্তি না করে- সেগুলোর পরিপূরক হিসেবে কাজ করবে।

# পরামর্শের জন্য প্রস্তাবনা (প্রাথমিক প্রতিক্রিয়ার জবাবে)

## প্রাক-পরামর্শ নিয়োজনের মতামত কীভাবে আমাদের পরামর্শ প্রস্তাবনাগুলোকে রূপ দিয়েছে

| থিম বা মূলসুর | রিপোর্টে যা সুপারিশ করা হয়েছিল | যা প্রস্তাব করা হয়েছে | এটি যা উদ্দেশ্য/যুক্তিযুক্ত করতে চাইছে | মতামত জানানোর ক্ষেত্রগুলি |
|---|---|---|---|---|
| **ব্যক্তিগত স্মৃতি এবং পরিবার-পরিচালিত স্মরণ** | ব্যক্তিগত স্মৃতি প্রোজেক্টগুলিকে সহায়তা করার জন্য একটি বিশেষ অনুদান প্রকল্প | গ্রেনফেল এনগেজমেন্ট টিমের পরামর্শক্রমে নিহত ব্যক্তির ঘনিষ্ঠ পরিবারের সদস্যদের জন্য এককালীন অনুদান। **(5 বছর ধরে £3 মিলিয়ন)** | এটা স্বীকার করা হয় যে, স্মরণ একান্ত ব্যক্তিগত ও সাংস্কৃতিকভাবে বৈচিত্র্যময় বিষয়, এবং পরিবারের ঘনিষ্ঠ সদস্যরা প্রিয়জনকে ভিন্ন ভিন্ন উপায়ে সম্মান জানাতে চাইতে পারেন | প্রস্তাবনার সমর্থন: যোগ্যতার মানদণ্ড, আবেদনকারীদের সহায়তার প্রয়োজন |
| **গ্রেনফেল অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত তরুণ-তরুণীদের জন্য সহায়তা (গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের সময় বয়স 16-25 বছর) অথবা 30 বছর বয়স পর্যন্ত বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি** | শিক্ষা, প্রশিক্ষণ ও উন্নয়নের জন্য নমনীয় অনুদান | বৃত্তিমূলক, প্রশিক্ষণমূলক ও অভিজ্ঞতাভিত্তিক কার্যক্রমের জন্য অনুদান **(5 বছরে £1 মিলিয়ন)** | জীবনের একটি গঠনমূলক পর্যায়ে গ্রেনফেলের কারণে এই গোষ্ঠীর যে দীর্ঘমেয়াদী ব্যাঘাত ঘটেছিল, তা স্বীকার করে | প্রস্তাবনার সমর্থন: যোগ্যতার মানদণ্ড |
| **তরুণ-তরুণী (11-15 বছর) প্রারম্ভিক বয়ঃসন্ধির বয়সের** | ব্যক্তিগত বিকাশ, আত্মবিশ্বাস এবং জীবন দক্ষতা বৃদ্ধিতে সহায়ক কার্যক্রম | স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থাগুলোর মাধ্যমে পরিচালিত আবাসিক ও দিবাকালীন কার্যক্রমের একটি কর্মসূচি **(5 বছর ধরে £3 মিলিয়ন)** | নিরাপদ ও সুসংগঠিত স্থানীয় ব্যবস্থার ঘাটতি পূরণ করে এবং তরুণ-তরুণীদের ব্যক্তিগত বিকাশ, আত্মবিশ্বাস ও জীবন দক্ষতায় সহায়তা করে | প্রস্তাবনার সমর্থন: অংশীদারিত্বমূলক পদ্ধতি |
| **শিক্ষা, প্রতিরোধ এবং পরিবর্তন** | কর্মপন্থাকে প্রভাবিত করতে বাস্তব অভিজ্ঞতা ব্যবহার করা, বিশেষ করে নির্মিত পরিবেশে | পেশাগত শিক্ষায় গ্রেনফেলের সাক্ষ্য অন্তর্ভুক্ত করা; খাত পরিবর্তনে অনুঘটক তহবিল প্রদান **(£300k)** | গ্রেনফেলের ঘটনা থেকে প্রকৃত ও দীর্ঘস্থায়ী পরিবর্তন আনা এবং নির্মিত পরিবেশের পেশাগত প্রশিক্ষণে অভিজ্ঞতাকে অন্তর্ভুক্ত করার আহ্বানে সাড়া দেয় | প্রস্তাবনার সমর্থন: যে পেশাগুলিতে জড়িত হওয়া উচিত |

# পরামর্শের জন্য প্রস্তাবনা (প্রাথমিক প্রতিক্রিয়ার জবাবে)

| থিম বা মূলসুর | রিপোর্টে যা সুপারিশ করা হয়েছিল | যা প্রস্তাব করা হয়েছে | এটি যা উদ্দেশ্য/যুক্তিযুক্ত করতে চাইছে | মতামত জানানোর ক্ষেত্রগুলি |
|---|---|---|---|---|
| **অগ্নি নিরাপত্তা প্রশিক্ষণ এবং কর্মজীবনের সুযোগ প্রদানের জন্য প্রচারমূলক কার্যক্রম** | কর্মসংস্থানে প্রবেশের সহায়ক পথ | অগ্নি নিরাপত্তায় সচেতনতামূলক কর্মজীবনের প্রসারের বার্ষিক কর্মসূচি, নির্দিষ্ট কর্মশালা এবং প্রাসঙ্গিক অগ্নি নিরাপত্তা যোগ্যতার জন্য অর্থায়ন **(£300k)** | মানসিক আঘাতপ্রাপ্ত ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অগ্নি নিরাপত্তা কোর্স এবং অগ্নি নিরাপত্তা বিষয়ক পেশায় অংশগ্রহণের সক্ষমতার উন্নতি | প্রবেশগম্যতা |
| **কমিউনিটি-নেতৃত্বাধীন উদ্যোগ** | তৃণমূল পর্যায়ের ও সাংস্কৃতিকভাবে উপযুক্ত প্রোজেক্টগুলিকে সমর্থন করে | গ্রেনফেল বার্ষিকী এবং লক্ষ্যকৃত কমিউনিটির অনুদান **(5 বছর ধরে £1 মিলিয়ন)** | গ্রেনফেলের ঘটনায় অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত গোষ্ঠীগুলোর শোক কাটিয়ে ওঠা ও সংহতিকে সমর্থন করে | প্রস্তাবের সমর্থন |
| **কমিউনিটি হাব** | একটি স্থায়ী কমিউনিটি জায়গার অন্বেষণ করা | স্বাধীন সম্ভাব্যতা সমীক্ষা (সহায়তার কোনো প্রতিশ্রুতি ছাড়া) **(£60k)** | পরীক্ষা করে যে, একটি স্থিতিশীল হাব বাস্তবসম্মত, কাঙ্ক্ষিত এবং অর্জনযোগ্য কিনা | হাবটি কমিউনিটির অগ্রাধিকার কিনা |
| **আপৎকালীন** | ভবিষ্যতের অগ্রাধিকারের জন্য নমনীয়তা | **£1.09 মিলিয়ন** পরামর্শের ফলাফলের প্রতিক্রিয়া জানাতে এবং হাবটিতে অবদান প্রদানের জন্য রাখা হয়েছে, যা সম্ভাব্যতা সমীক্ষার ফলাফলের উপর নির্ভরশীল | নিশ্চিত করে যে, ব্যয় না হওয়া কোনো অর্থ কমিউনিটির অগ্রাধিকারের সাথে সাযুজ্যপূর্ণ হবে | ব্যয় না হওয়া অর্থের ক্ষেত্রে অগ্রাধিকার কী হওয়া উচিত? |

# পরামর্শের জন্য প্রস্তাবনা (প্রাথমিক প্রতিক্রিয়ার জবাবে)

## প্রস্তাবিত প্রোজেক্টগুলি কীভাবে প্রদান করা হবে

গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের সকল অংশ নিহতদের ঘনিষ্ঠ পরিবারের সদস্যদের, বেঁচে ফেরা ব্যক্তিদের এবং বৃহত্তর কমিউনিটির নিরন্তর অংশগ্রহণে গড়ে তোলা হবে। এর অর্থ হলো, এই পরিকল্পনাগুলি যাদের সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে, তাদের দ্বারাই যৌথভাবে পরিকল্পিত ও রূপায়িত হতে থাকবে, যা নিশ্চিত করবে যে, এগুলি প্রকৃত চাহিদা, অগ্রাধিকার এবং প্রত্যাশাকে প্রতিফলিত করে।

### পাঁচ বছরের অনুদান কর্মসূচি

প্রকল্পটির একটি প্রধান অংশ হলো একটি অনুদান কর্মসূচি, যা আমরা বিভিন্ন ধরনের সহায়তাসহ একটি সুস্পষ্ট কাঠামোর মাধ্যমে বাস্তবায়ন করার লক্ষ্য রাখি। এই পদ্ধতিটি নমনীয়তার সুযোগ দেওয়ার পাশাপাশি প্রক্রিয়াটিকে ন্যায্য, স্বচ্ছ এবং সুশাসিত রাখাও নিশ্চিত করে।

অনুদানগুলো যথাযথভাবে পরিচালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য, LFB এমন একটি স্বাধীন সংস্থার সাথে কাজ করার কথা ভাবছে, যাদের অনুদান কর্মসূচি পরিচালনায় প্রকৃত দক্ষতা ও শক্তিশালী পূর্ব ইতিহাস রয়েছে। অনুদান কর্মসূচিটি দুটি পর্যায়ে প্রণয়ন করা হবে:

- **পরিকল্পনা পর্যায়** – এই অনুদানগুলো যে ব্যক্তিদের ও গোষ্ঠীগুলোকে সহায়তা করার জন্য দেওয়ার কথা, তাদের সঙ্গে আমরা মানদণ্ড ও প্রক্রিয়া নির্ধারণে নিবিড়ভাবে কাজ করতে চাই। বিশেষজ্ঞদের পরামর্শে, এই পর্যায়ে কারা আবেদন করতে পারবে, কতটা অর্থায়ন করা যাবে এবং প্রক্রিয়াটি কীভাবে কাজ করবে, সে বিষয়গুলোতে ঐকমত্যে পৌঁছানো হবে।
- **প্রদান পর্যায়** – এরপর কর্মসূচিটি পরিচালনার জন্য একজন স্বাধীন স্বেচ্ছাসেবী ক্ষেত্রের অংশীদারকে নিয়োগ করা যেতে পারে। তারা আবেদনপত্রগুলো দেখাশোনা করবে, অনুদান প্রদান করবে এবং অর্থ কীভাবে ব্যয় হচ্ছে তার হিসাব রাখবে, আর সবকিছু ঠিকভাবে করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য LFB-কে রিপোর্ট করবে।

> "আমি ইতিমধ্যেই আমার বাবার স্মরণে একটি প্রোজেক্ট তৈরি করেছি। আমার অর্থ শেষ হয়ে গিয়েছে, তাই প্রোজেক্টটি পরিচালনার মূল খরচ মেটানোর জন্য আমার অর্থায়ন প্রয়োজন – এভাবেই আমি আমার ব্যক্তিগত স্মৃতি তহবিল ব্যবহার করব।"
>
> **নিহত ব্যক্তির ঘনিষ্ঠ পরিবারের সদস্য**



# পরামর্শের জন্য প্রস্তাবনা (প্রাথমিক প্রতিক্রিয়ার জবাবে)

এই পদ্ধতির উদ্দেশ্য হলো সিদ্ধান্ত গ্রহণের কেন্দ্রবিন্দুতে কমিউনিটিকে রাখা এবং একই সাথে অনুদানগুলো যাতে পেশাদারিত্বের সাথে, ন্যায্যভাবে ও কঠোর জবাবদিহিতার সঙ্গে প্রদান করা নিশ্চিত করা যায়।

**স্থানীয় তরুণ-তরুণীদের জন্য পাঁচ বছর মেয়াদী কার্যক্রম কর্মসূচি**
প্রাক-পরামর্শ সম্পৃক্ততার সময় প্রাপ্তবয়স্ক ও কমবয়সী ব্যক্তিরা আমাদের জানিয়েছেন যে, তাঁরা চান স্কুলের বাইরে যাতে তরুণ-তরুণীদের বেড়ে ওঠা, আত্মবিশ্বাস তৈরি করা এবং গুরুত্বপূর্ণ জীবন দক্ষতা শেখার জন্য আরও বেশি সুযোগ থাকুক। আমরা আরও চিহ্নিত করেছি যে, 11-15 বছর বয়সী তরুণ-তরুণীদের জন্য সহায়তার ক্ষেত্রে একটি প্রকৃত ঘাটতি রয়েছে, বিশেষ করে এমন কাঠামোগত কর্মসূচির অভাব রয়েছে যা দীর্ঘ সময় ধরে চলে এবং ধারাবাহিক নির্দেশনা প্রদান করে।

এর প্রতিক্রিয়ায়, আমরা নর্থ কেনসিংটন ও গ্রেনফেল এলাকার 11-15 বছর বয়সী তরুণ-তরুণীদের জন্য আবাসিক ভ্রমণ ও দিনব্যাপী কার্যক্রমের একটি পাঁচ বছর মেয়াদী কর্মসূচি প্রস্তাব করছি। এর উদ্দেশ্য হলো তরুণ-তরুণীদের সাহায্য করা:

- **আত্মবিশ্বাস গড়ে তোলে**
- **নতুন বন্ধুত্ব তৈরি করে**
- **সামাজিক দক্ষতাকে শক্তিশালী করে**
- **এমন জীবন দক্ষতা গড়ে তোলে যা তাদের প্রাপ্তবয়স্ক জীবনে সহায়তা করবে**

কার্যক্রমগুলো সম্ভবত স্কুল ছুটি থাকার সময় অনুষ্ঠিত হবে এবং পাঁচ বছরব্যাপী এই কর্মসূচির লক্ষ্য হলো প্রায় 600টি আসন প্রদান করা।

এই কর্মসূচিটি তরুণ-তরুণীদের কথা মাথায় রেখে তৈরি করা হবে এবং তরুণ-তরুণীদের নিয়ে কাজ করার ক্ষেত্রে শক্তিশালী পূর্বইতিহাস ও অভিজ্ঞতা সম্পন্ন এক গুচ্ছ বর্তমান স্থানীয় সংস্থা এটি বাস্তবায়ন করবে। এইভাবে একসাথে কাজ করলে কাজের পুনরাবৃত্তি এড়ানো যায় এবং কমিউনিটির মধ্যে আগে থেকেই থাকা দক্ষতা ও জ্ঞানের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হয়।

তরুণ-তরুণীদের সুস্থতা নিশ্চিত করতে, কার্যক্রম পরিচালনাকারী কর্মীরাও মানসিক স্বাস্থ্য প্রশিক্ষণ গ্রহণ করবেন, যা সম্ভবত এনএইচএস (NHS) পরিষেবার সাথে অংশীদারিত্বের ভিত্তিতে করা হবে। এটি স্থানীয় কর্মশক্তির মধ্যে দীর্ঘমেয়াদী দক্ষতা তৈরিতে সাহায্য করবে এবং সহযোগিতা ও কমিউনিটির সক্ষমতাকে জোরদার করার জন্য স্বাধীন প্রাক-পরামর্শ রিপোর্টের সুপারিশগুলোকে সমর্থন করবে।

**নর্থ কেনসিংটন ও গ্রেনফেল এলাকার যেসব মানুষ অগ্নিনিরাপত্তা বিষয়ক পেশায় আগ্রহী, তাঁদের সহায়তা প্রদানের লক্ষ্যে পাঁচ বছরব্যাপী প্রচার কর্মসূচি।**
সচেতনতা ও সুযোগ প্রসারের জন্য এটি একটি বার্ষিক কর্মসূচি হবে, যেখানে নির্দিষ্ট লক্ষ্যভিত্তিক কর্মশালার আয়োজন করা হবে এবং প্রাসঙ্গিক অগ্নি নিরাপত্তা যোগ্যতার জন্য অর্থায়ন করা হবে।

এই প্রচারমূলক কার্যক্রমগুলোর লক্ষ্য হলো অগ্নি সুরক্ষায় কর্মজীবনের সুযোগ বৃদ্ধি এবং তা অর্জনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং তথ্য, নির্দেশনা ও সহায়তা প্রদান করা।

> “স্মৃতি শুধু ফিরে দেখা নয় - এটি হল যা আমাদের সামনের দিকে এগিয়ে যেতে সহায়তা করে।”
>
> **বেঁচে ফেরা কমবয়সী ব্যক্তি**

দেওয়ানি নিষ্পত্তি অনুসারে, LFB নিজেই সমস্ত প্রদানের খরচ বহন করবে। এর মানে গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের জন্য বরাদ্দকৃত সম্পূর্ণ £8.25 মিলিয়ন সরাসরি কমিউনিটির কাছে যাবে।

# পরামর্শের জন্য প্রস্তাবনা (প্রাথমিক প্রতিক্রিয়ার জবাবে)

প্রতি বছর 12 জন ব্যক্তি একটি ধারাবাহিক কর্মশালা গুচ্ছে (6) অংশগ্রহণ করতে পারবেন যা LFB-এর অভিজ্ঞ অগ্নি নিরাপত্তা পেশাদারদের দ্বারা পরিচালিত হবে। বাইরে থেকে আসা প্রশিক্ষণ প্রদানকারীদের দ্বারা পরিচালিত কর্মশালার সেশনগুলোতে লেভেল 3 ফায়ার সেফটি সার্টিফিকেটের জন্য আবেদন করতে ব্যবহারিক পরামর্শ, কর্মজীবনের অন্তর্দৃষ্টি এবং সহায়তা অন্তর্ভুক্ত থাকবে। এই সেশনগুলো LFB এবং অন্যান্য সংস্থাতে এন্ট্রি লেভেলের অগ্নি নিরাপত্তা পদে আবেদনের জন্য সহায়তা ও পরামর্শও প্রদান করবে।

### ভবিষ্যতের মর্মান্তিক ঘটনা হ্রাস করা

নির্মিত পরিবেশে পেশাগুলির সাথে শিক্ষা এবং চলমান পেশাগত উন্নয়ন সংস্থানের বিকাশের ক্ষেত্রে, LFB আগ্রহী পরিবার ও কমিউনিটির সদস্য, শিল্পক্ষেত্রের নেতৃবৃন্দ এবং প্রাসঙ্গিক শিক্ষা/প্রশিক্ষণ উপকরণ প্রস্তুতকারকদের সাথে উপযুক্ত উপকরণ তৈরির জন্য কাজ করবে। আমরা অন্যান্য উৎস থেকে বিদ্যমান উপকরণ অন্তর্ভুক্ত করার সম্ভাবনাও খতিয়ে দেখতে চাই।

### সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব

প্রাক-পরামর্শ সম্পৃক্ততার সময় অনেকেই বলেছিলেন যে, তাঁরা গ্রেনফেল টাওয়ারের কাছে একটি কমিউনিটি হাব বা কেন্দ্র চান – যা এমন একটি ব্যবহারিক ও আন্তরিক স্থান হবে, যেখানে মানুষ সংযোগ স্থাপন করতে, শোক কাটিয়ে উঠতে এবং তরুণ-তরুণীদের সহায়তা করতে পারবে। যেহেতু গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট এককভাবে এই প্রকল্পটি বাস্তবায়ন করতে পারবে না, তাই আমাদের নিশ্চিত হতে হবে যে, এটি এমন কিছু যা কমিউনিটি সত্যিই চায়, যা আর্থিকভাবে স্থিতিশীল হতে পারে এবং যা বাস্তবে কার্যকর করার মতো অংশীদার রয়েছে। এই কারণেই আমরা একটি স্বাধীন সম্ভাব্যতা সমীক্ষার প্রস্তাব করছি। এই সমীক্ষাটি বুনিয়াদি বিষয়গুলোর একটি সুস্পষ্ট ও পেশাদারী মূল্যায়ন প্রদান করবে:

- **একটি উপযুক্ত স্থান রয়েছে কি**
- **সমাজে প্রকৃত চাহিদা রয়েছে কি**
- **এর খরচ কত হবে**
- **কে এটি দৈনন্দিন ভিত্তিতে পরিচালনা করবে**
- **কাদের জড়িত করতে হবে**
- **কীভাবে এর অর্থায়ন করা এবং এটি চালু রাখা যেতে পারে**

এই ধরনের সমীক্ষা সাধারণত ব্যয়বহুল এবং অধিকাংশ কমিউনিটি গোষ্ঠীর নাগালের বাইরে থাকে। গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের মাধ্যমে এতে অর্থায়ন করা হলে, কমিউনিটিটি একটি হাব বা কেন্দ্র গড়ে তোলার জন্য প্রয়োজনীয় বিশেষজ্ঞের পরামর্শ, বাস্তবসম্মত সুপারিশ এবং একটি বাস্তবসম্মত পরিকল্পনা পাবে।

সমীক্ষায় যদি দেখা যায় যে হাবটি এখনই সম্ভবপর নয়, তবুও ফলটি কাজে আসবে। এটি বাসিন্দা ও গোষ্ঠীগুলোকে ধারণাটি উন্নত করতে, বিকল্প খুঁজতে, অংশীদারিত্ব গড়ে তুলতে এবং ভবিষ্যতের জন্য অন্যান্য দীর্ঘমেয়াদী ও উল্লেখযোগ্য প্রোজেক্ট তৈরি করতে প্রয়োজনীয় তথ্য দেবে।

“গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট ভবিষ্যতের মর্মান্তিক ঘটনা প্রতিরোধে একটি শক্তিশালী ভূমিকা পালন করার সম্ভাবনা রাখে। শুধু যা ঘটেছে তা নথিভুক্ত করার মাধ্যমেই নয়, বরং এর মানবিক প্রভাবকে উপেক্ষা করা অসম্ভব করে তোলার মাধ্যমেও তা করবে। গ্রেনফেলের গল্প, ঘটনা পর্যালোচনা এবং শিক্ষাকে নির্মিত পরিবেশে জুড়ে সাংস্কৃতিক পরিবর্তন ও দায়বদ্ধতা আনতে ব্যবহার করা উচিত।”

**বেঁচে ফেরা ব্যক্তিরা এবং নিহতদের ঘনিষ্ঠ পরিবারের সদস্যরা**

“আমরা মনে করি, কমিউনিটি হাব একটি শক্তিশালী ধারণা। এটি আমাদের ভাগ্নে সহ তরুণ-তরুণীদের... এবং আমাদের সন্তানদের, অসামাজিক আচরণ থেকে দূরে রাখতে এবং একটি বুদ্ধিবৃত্তিক ও আবেগগতভাবে সহায়ক পরিবেশের সঠিক পথে চালিত করতে সাহায্য করতে পারে। এই ধরনের একটি হাব বা কেন্দ্র তরুণ-তরুণী ও পরিবার উভয়ের জন্যই একটি ইতিবাচক, শিক্ষামূলক এবং নিরাপদ স্থান হিসেবে কাজ করবে। ভবিষ্যতের জন্য একটি গুরুত্বপূর্ণ ঐতিহ্য হবে।”

**বেঁচে ফেরা ব্যক্তিরা এবং নিহতদের ঘনিষ্ঠ পরিবারের সদস্যরা**

# চূড়ান্ত প্রস্তাবনা এবং পরবর্তী পদক্ষেপগুলির রূপরেখা

| | |
|---|---|
| **প্রথম পর্যায়**<br>**প্রাক-পরামর্শ** | নববর্ষ থেকে 2025 সালের গ্রীষ্মের শুরু পর্যন্ত |
| **প্রাক-পরামর্শ রিপোর্ট প্রকাশ** | শরৎ 2025 |
| **প্রস্তাব তৈরি** | শরৎ/শীত 2025 |
| **দ্বিতীয় পর্যায়**<br>**আনুষ্ঠানিক গণ পরামর্শ** | বসন্ত/গ্রীষ্ম 2026 |
| **পরামর্শ-পরবর্তী রিপোর্ট প্রকাশ** | শরৎ 2026 |
| **পরামর্শ-পরবর্তী পর্যালোচনা** | শীত 2026 |
| **তৃতীয় পর্যায়**<br>**গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের চূড়ান্ত প্রস্তাবনাগুলোর সিদ্ধান্ত ও ঘোষণা** | 2027 |

# বিবেচ্য বিষয়গুলি

আপনি অনলাইনে একটি প্রশ্নমালা পূরণ করতে পারেন, যা আমাদের এই ওয়েবসাইটে পাওয়া যাবে।
**https://www.london-fire.gov.uk/about-us/grenfell-tower-fire/grenfell-memory-project/**

এই পুস্তিকায় থাকা প্রস্তাবনাগুলো নিয়ে ভাবার সময়, নিচের ক্ষেত্রগুলি খতিয়ে দেখলে তা আপনার জন্য সহায়ক হতে পারে:

- গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের প্রস্তাবনাগুলোর সাথে আপনি কি সম্মত নাকি অসম্মত আছেন?
- প্রস্তাবিত তহবিলের পরিমাণগুলো কি আপনার কাছে মোটামুটি সঠিক বলে মনে হচ্ছে? আমাদের কারণটি বলুন এবং নির্দ্বিধায় কোনো বিকল্প প্রস্তাব করুন।
- চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে আমাদের আর কিছু বিবেচনা করা উচিত বলে আপনি মনে করেন?

**আপনার মতামতই প্রকৃতপক্ষে পরবর্তীতে কী হবে তাকে নির্দেশিত করবে। আমরা আপনার মতামত জানতে অত্যন্ত আগ্রহী – এবং অনুগ্রহ করে গ্রেনফেল কমিউনিটিতে বা সমগ্র নর্থ কেনসিংটন জুড়ে থাকা আপনার পরিবার, প্রতিবেশী ও বন্ধুদেরও তাদের মতামত জানাতে উৎসাহিত করুন।**



# আপনার মতামত দিন

আপনার মতামত জানানোর অনেক উপায় আছে। আমরা আপনার মতামত জানানোর প্রক্রিয়াটি যথাসম্ভব সহজ করতে চাই। আপনার জন্য যেভাবে সবচেয়ে সুবিধাজনক হয়, আপনি সেভাবেই যুক্ত হতে পারেন:

- **আমাদের অনুষ্ঠানগুলোর একটিতে যোগদান করুন:**
  আমরা বিভিন্ন জনসভার আয়োজন করব, যেখানে আপনারা আরও জানতে ও নিজেদের মতামত জানাতে পারবেন। কখন এবং কোথায় এগুলো অনুষ্ঠিত হচ্ছে তা সবার আগে জানতে আমাদের মেইলিং লিস্টে যোগ দিন, অথবা আমাদের ওয়েবসাইট দেখুন। উপরের QR কোডটি স্ক্যান করুন।

- **আমাদের কমিউনিটি রোডশোতে একটি বন্ধুত্বপূর্ণ আলাপচারিতার জন্য চলে আসুন:**
  আমরা জনপ্রিয় স্থানীয় স্থান ও সামাজিক পরিসরগুলোতে উপস্থিত হবো। প্রস্তাবনাগুলো নিয়ে আলোচনা করতে চলে আসুন। আপনি যদি চান যে, আমরা আপনাকে সম্পূর্ণ সময়সূচী পাঠাই, তাহলে আপনার বিবরণ দিন, অথবা আমাদের ওয়েবসাইট দেখুন। উপরের QR কোডটি স্ক্যান করুন।

- **অনলাইন প্রশ্নমালাটি পূরণ করুন:**
  যে কোনো স্থান থেকে, যে কোনো সময়ে আপনার মতামত জানান। উপরের QR কোডটি স্ক্যান করুন।

- **আপনি চাইলে আমাদের ইমেইল করতে পারেন:**
  আপনি শুধু আপনার মতামত আমাদের ইমেইল করুন এখানে **grenfell.engagement@london-fire.gov.uk**

- **আমাদেরকে আপনার কাছে আসতে আমন্ত্রণ জানান:**
  আপনি যদি কোনো দলের অংশ হন, অথবা কোনো সামাজিক বা গ্রীষ্মকালীন অনুষ্ঠানের আয়োজন করেন, তাহলে আমরা সানন্দে এসে আপনার সাথে প্রস্তাবনাগুলো নিয়ে আলোচনা করব।

- **সোশ্যাল মিডিয়ায় আমাদের মেসেজ করুন:**
  আপনি আমাদের সাথে যোগাযোগ করতে পারেন
  **TikTok** (@londonfirebrigade),
  **Instagram** (@londonfirebrigade),
  **X** (@LondonFire) এবং
  **Facebook** (London Fire Brigade).
  আমাদেরকে সরাসরি মেসেজ পাঠান এবং আপডেট পেতে আমাদের ফলো করুন।

- **একজন কমিউনিটি পার্টনার হোন:**
  আমাদের সাথে একটি ছোট সমাবেশের আয়োজন করুন – নর্থ কেনসিংটন এবং গ্রেনফেল এলাকা থেকে 8-10 জন প্রতিবেশী, বন্ধু বা পরিবারের সদস্যদের একত্রিত করুন। এই স্বচ্ছন্দ ও বন্ধুত্বপূর্ণ সাক্ষাৎগুলো অভিজ্ঞতা বিনিময়, একে অপরের কথা শোনা এবং একটি অর্থবহ ঐতিহ্য তৈরির লক্ষ্যে পরিকল্পিত একটি প্রোজেক্টকে রূপ দিতে সাহায্য করার সুযোগ প্রদান করবে। মানুষকে একত্রিত করার মাধ্যমে, আপনি এটা নিশ্চিত করতে সাহায্য করবেন যে স্থানীয় মতামত শোনা হয়, সেগুলোকে গুরুত্ব দেওয়া হয় এবং পরামর্শ প্রক্রিয়ার কেন্দ্রবিন্দুতে রাখা হয়।*

*আমাদের কাছে সীমিত সংখ্যক পার্টনারের জায়গা উপলব্ধ রয়েছে। অনুগ্রহ করে শীঘ্রই আমাদের সাথে যোগাযোগ করুন।

এছাড়াও আপনি গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট টিমের সাথে নিম্নলিখিত উপায়ে যোগাযোগ করতে পারেন:

- ফোন, টেক্সট বা WhatsApp: **07385 382 580**
- ইমেইল: **grenfell.engagement@london-fire.gov.uk**
- ডাকে: **Grenfell Memory Project, London Fire Brigade, 169 Union Street, London SE1 0LL**
  অনুরোধ সাপেক্ষে ফ্রিপোস্ট (FREEPOST) খাম পাওয়া যায়।

## আরো জানুন

গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট সম্পর্কে সম্পূর্ণ তথ্যের জন্য QR কোডটি স্ক্যান করুন অথবা এখানে আসুন: london-fire.gov.uk/memory-project/

## নিয়মিত আপডেট পান

আমাদের গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট মেইলিং লিস্টে সাইন আপ করুন – **QR কোডটি স্ক্যান করুন**

একসাথে আমরা একটি অর্থবহ ঐতিহ্য গড়ে তুলতে পারি। আপনি এখানে ইমেইলে করে এই পুস্তিকার একটি অনুবাদের জন্য অনুরোধ করতে পারেন: grenfell.engagement@london-fire.gov.uk

Honouring the lives of loved ones lost, creating a lasting legacy.

تكريم ذكرى الأحباء وإنشاء تذكار دائم.

স্থায়ী পরম্পরা গড়ার স্বার্থে হারানো প্রিয়জনদের প্রতি শ্রধাঞ্জলি অর্পণ।

ارج نهادن به زندگی عزیزان ازدست رفته، ایجاد میراثی ماندگار است.

Honorer la vie des êtres chers disparus et créer un héritage durable.

Insieme per onorare il ricordo delle persone care e lasciare un'eredità indelebile.

Honrar as vidas de entes queridos perdidos, criando um legado duradouro.

Odavanje pocasti izgubljenim životima voljenih, stvarajuci trajno naslede.

Maamusida nolosha dadka ehelka ah ee dhintay, abuurista dhaxal waara.

ንህይወት እቶም ዝጠፍኡ እነፍቅሮም ሰባትም ኽባር፣ነባሪህድሪ ምፍጣር።

Kaybettiğimiz sevdiklerimizin anısına kalıcı bir miras bırakabilmek için çalışıyoruz.

گزرے ہوئے پیاروں کی جانوں کے اعزاز میں ایک دائمی یادگار کی تخلیق۔

Để tỏ lòng trân trọng sinh mạng của những người thân yêu đã mất, tạo nên di sản lâu dài.

LFB
LONDON FIRE BRIGADE